

বিজ সামাজিক সুরক্ষা কর্মসূচি

সামাজিক সুরক্ষা নিশ্চিত করি, আগামী পথ সুদৃঢ় করি...



বাংলাদেশ একশন এডুকেশন সার্ভিসেস (বিজ)

Working together towards a better future since 1975...



সম্পাদকীয় উপদেষ্টা

সাইফুল ইসলাম (রবিন),
প্রতিষ্ঠাতা ও সিনিয়র অ্যাডভাইজর (এসএ), বিজ
ইকবাল আহাম্মদ
নির্বাহী পরিচালক (ইডি), বিজ

সম্পাদক

মোঃ মাজিবুর রহমান
উপ-নির্বাহী পরিচালক (অপারেশন), বিজ
কবেরী সুলতানা
উপ-পরিচালক (রিসার্চ, ডকুমেন্টেশন ও পাবলিকেশন), বিজ
শাহী মাহুমা আখতার
সহকারী পরিচালক (শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচি), বিজ

কনটেন্ট প্রস্তুতি, গ্রাফিক্স ও লেআউট

নূর ফাতিহা তাহিয়াত সিয়াম
সিনিয়র ম্যানেজার (রিসার্চ, ডকুমেন্টেশন ও পাবলিকেশন), বিজ
তাহমিনা আক্তার
রিসার্চ অফিসার (রিসার্চ, ডকুমেন্টেশন ও পাবলিকেশন), বিজ

ফটোগ্রাফি

রাফিক হাসান সুমন
সহকারী ম্যানেজার (রিসার্চ, ডকুমেন্টেশন ও পাবলিকেশন), বিজ

প্রকাশনায়

রিসার্চ, ডকুমেন্টেশন ও পাবলিকেশন বিভাগ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)
বাড়ি- ৮/বি, সড়ক- ২৯, গুলশান-১,
ঢাকা-১২১২, বাংলাদেশ।
টেলিফোন: +৮৮০২ ২২২২৮৯৭০২-৩, +৮৮০২-২২৬৬০১৫৩৫-৯
ই-মেইল: info@beesbd.org, beesbd@gmail.com
ওয়েবসাইট: www.beesbd.org

Copyright © BEES 2025-26

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) একটি স্বনামধন্য জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যেটি দীর্ঘ পাঁচ দশকেরও বেশী সময় ধরে সুবিধাবঞ্চিত, দুর্বল জনগোষ্ঠীর, বিশেষ করে দরিদ্র, প্রান্তি উন্নয়নে কাজ করে আসছে। বিজ ১৯৭৫ সালে কৃষি মন্ত্রণালয়ের সহযোগীতায় Christian Reformed World Relief Committee (CRWRC) এর অধীনে বগুড়া গ্রামীণ উন্নয়ন প্রকল্প (বিআরডিপি) হিসাবে কাজ শুরু করে। ১৯৮৪ সালে CRWRC এদেশে সকল কার্যক্রম বন্ধ করার সিদ্ধান্ত নিলে অত্র প্রতিষ্ঠান বিআরডিপি এর চলমান সকল কার্যক্রমের দায়িত্ব বুঝে নেয় এবং বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) নামে আত্মপ্রকাশ করে। সংস্থাটি বগুড়া জেলার সুবিধাবঞ্চিত, দুর্বল, পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার মান ও টেকসই উন্নয়নের লক্ষ্যে কাজ শুরু করে। এটি শুরু থেকে প্রধানত কৃষি গবেষণা, ক্ষুদ্রসেচ কৃষি সম্প্রসারণ ও উন্নয়ন, মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, পুষ্টি, ব্যক্তি পর্যায়ের স্বাস্থ্যবিধি, নিরাপদ পানি ব্যবহার, স্যানিটেশন, শিক্ষা, সামাজিক সুরক্ষা এবং নারীদের দক্ষতা উন্নয়নে সেবা প্রদান করে আসছে। এতে সংস্থাটি খুব অল্প সময়েই তার কর্ম এলাকায় গ্রহণযোগ্যতা

বৃদ্ধি করতে এবং এর কর্ম পরিধিরও ব্যাপক বিস্তার ঘটাতে সক্ষম হয়। সংস্থাটি বর্তমানে ১) সমাজসেবা অধিদপ্তর, ২) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৩) জয়েন্ট স্টোক কোম্পানীজ এন্ড ফার্মস, ৪) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরেটী (এমআরএ), ৫) এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধিত।

বিজ স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ বিভাগ, প্রাণীসম্পদ অধিদপ্তর, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সমাজসেবা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং যোগাযোগ মন্ত্রণালয়ের সহযোগিতায় বিভিন্ন উন্নয়ন কর্মসূচি এবং প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করেছে। বিজ তার কার্যক্রমগুলোকে সফলভাবে পরিচালনার লক্ষ্যে মানবসম্পদ ব্যবস্থাপনা, ক্রয়, অর্থ ও হিসাবরক্ষণ, শুদ্ধাচার, জেন্ডার, যৌন হয়রানী এবং শিশু সুরক্ষা সংক্রান্ত ম্যানুয়াল তৈরী ও সংরক্ষণ করেছে; এছাড়া কর্মসূচিগুলোকে সঠিকভাবে পরিচালনা করতে রয়েছে সংশ্লিষ্ট কর্মসূচিভিত্তিক কৌশল ও নির্দেশনা সংক্রান্ত গাইডলাইন যা সঠিকভাবে কার্যক্রম পরিচালনার মাধ্যমে লক্ষ্যে পৌঁছাতে সহযোগীতা করে।



ভিশন

এমন একটি সমাজ প্রতিষ্ঠা করা, যেখানে পুরুষ এবং নারী উভয়েই তাদের নিজস্ব বিষয়গুলি পরিচালনা করতে এবং একটি উচ্চতর ও টেকসই জীবনযাত্রার মান অর্জন করতে একসাথে কাজ করতে পারে।

মিশন

দরিদ্র, নিরক্ষর, অবহেলিত, অদক্ষ এবং অপুষ্টির শিকার জনগোষ্ঠীর; বিশেষ করে নারী ও শিশুদের ক্ষমতায়ন এবং তাদের জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে তাদের জীবনে আর্থ-সামাজিক পরিবর্তন আনার চেষ্টা করা।



বিজ এর সেবা প্রদানের কৌশলসমূহ

দক্ষতা উন্নয়ন ও বিজ
এর সাথে অংশীদারিত্ব
বৃদ্ধি

লক্ষ্যভুক্ত
উপকারভোগীদের
দল গঠন ও সমিতি
অফিস স্থাপন

কর্ম পরিকল্পনা তৈরি



সমস্যা চিহ্নিতকরণ ও
কর্ম এলাকা বাছাইকরণ

যোগাযোগ, তথ্য
সংগ্রহ ও গবেষণা

উপকারভোগীদের
সুরক্ষা নিশ্চিত ও
সক্ষমতা বৃদ্ধি



সার্টিফিকেশনসমূহ



ক্ষুদ্রঋণ নিয়ন্ত্রক কর্তৃপক্ষ (এমআরএ)

নিবন্ধন সংখ্যা: ০০৫৭২-০২৫১৭-০০২৬৩



রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস

নিবন্ধন সংখ্যা: নং এস-৯৮২/৫২ অফ ১৯৮৪-১৯৮৫



এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো

নিবন্ধন সংখ্যা: ৫২৭/১৯৯১



পরিবার পরিকল্পনা অধিদপ্তর

নিবন্ধন সংখ্যা: পিএএ পিএএ এডব্লিউএ/পারি/৯২৫৬/১(১১)



সমাজসেবা অধিদপ্তর


নিবন্ধন সংখ্যা: ঢা-০২২৭৮/১৯৮৯



বিজ সামাজিক সুরক্ষা কর্মসূচি

জনগণের সুস্বাস্থ্য এবং মানবাধিকার নিশ্চিতকরণে প্রচারণামূলক কার্যক্রমের মাধ্যমে অবদান রাখতে বিজ সামাজিক সুরক্ষা কর্মসূচি নামে একটি স্বতন্ত্র প্রকল্প প্রবর্তন করেছে। ইতিপূর্বে এই কার্যক্রমগুলো অন্যান্য প্রকল্পের অবিচ্ছেদ্য অংশ হিসেবে পরিচালিত হতো। মা ও শিশু স্বাস্থ্য-পরিবার পরিকল্পনা, পুষ্টি, শিক্ষা, খাদ্য নিরাপত্তা, মানবাধিকার, কোভিড-১৯ সচেতনতা এবং বিভিন্ন সামাজিক ইস্যুতে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই কর্মসূচির কর্মীরা একে একটি স্বতন্ত্র প্রকল্প হিসেবে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বাস্তবায়ন করছেন। এই প্রকল্পের মূল লক্ষ্যভুক্ত জনগোষ্ঠী হলো ক্ষুদ্রাঞ্চল কর্মসূচির সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট কর্মএলাকার সাধারণ জনগণ।

বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ বিধায় জরুরি দুর্যোগ মোকাবিলা এখানে অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনার জন্য বিশেষ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জরুরি পরিস্থিতি মোকাবিলায় দীর্ঘ ৪৫ বছরের অভিজ্ঞতা থাকায় ইউডেব অত্যন্ত দ্রুত, সুশৃঙ্খল এবং কার্যকরভাবে পুনরুদ্ধার ও পুনর্বাসন কার্যক্রম শুরু করতে সক্ষম। বর্তমানে দুর্যোগের ঘনঘটা ও তীব্রতা বৃদ্ধি পাওয়ায় ইউডেব কেবল ত্রাণ সহায়তার মধ্যে সীমাবদ্ধ না থেকে একটি দীর্ঘমেয়াদী কৌশল হিসেবে প্রাতিষ্ঠানিক প্রস্তুতি, ঝুঁকি হ্রাস এবং সঠিক ব্যবস্থাপনার ওপর বিশেষ গুরুত্বারোপ করছে।





of impact and resilience

Bangladesh Extension Education Services (BEES)

House- 8/B, Road-29, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.

Tel: +8802-222289732-3, +8802-226601535-9

Email: info@beesbd.org, Website: www.beesbd.org